ইত্তেফাক

তারিখ ... 25|11|83 ...
পৃষ্ঠা ... 2 কলাম ... 1 ...

008

# কুমিল্লা ক্যাডেট কলেজ প্রসঙ্গে

বিদ্যায়তনটির বর্তমান নাম কুমিল্লা ক্যাডেট কলেজ। গত ১লা জুলাই'র (১৯৮৩) আগেও নাম ছিল কুমিল্লা রেসিডেন্সিয়াল মডেল স্কুল। বিশেষ সরকারী আদেশ বলে রেসিডেন্সিয়াল মডেল স্কুলটি ক্যাডেট কলেজে রূপান্তরিত হওয়ায় দেশের শিক্ষিত ও শিক্ষানুরাগী মহল অখুশী হন নাই। বরং ক্যাডেট কলেজের ধারায় দেশের একটি অংশে অপেক্ষাকৃত অধিক সুশৃঙ্খল শিক্ষাদান পদ্ধতির উদ্বোধন ঘটিল ভাবিয়া সকলেই আনন্দিত হইয়াছেন। হরিষে বিষাদ সৃষ্টি করিয়াছে বর্তমান ক্যাডেট কলেজ কর্তৃপক্ষের একটি সিদ্ধান্ত। রেসিডেন্সিয়াল মডেল স্কুলের শিক্ষকদেরকে সুসঙ্গতভাবে যথাবিহিত ঠিকই গ্রহণ করা হইয়াছে, যাহা ডি,পি,আই, অনুসৃত নীতিমালা ও কর্মপ্রক্রিয়ার সহিত সুসামঞ্জস্যপূর্ণ। তবে ক্যাডেট কলেজের বর্তমান কর্তৃপক্ষ রেসিডেন্সিয়াল মডেল স্কুল আমলের ছাত্রদের গ্রহণ করিতে রাজী হন নাই। ক্যাডেট কলেজের প্রিন্সিপ্যাল গত আগষ্ট মাসে অভিভাবকদের এই মর্মে এক পত্র দিয়াছেন যে, পূর্বের রেসিডেন্সিয়াল মডেল স্কুলের ছাত্রদের বর্তমান ক্যাডেট কলেজে থাকিয়া পড়িতে হইলে আগামী ফেব্রুয়ারী মাসে বাহিরের অন্যান্য ছেলের সঙ্গে প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হইতে হইবে। ভর্তি-পরীক্ষায় পাস করিলে মেধানুসারে তাহারা ক্যাডেট কলেজে ভর্তি হইতে পারিবে, অন্যথায় নয়।

কুমিল্লা ক্যাডেট কলেজ কর্তৃপক্ষ বর্তমানে পড়ুয়া ছাত্রদের বেলায় এই সিদ্ধান্ত কেন নিতে গেলেন তাহা আমরা জানি না। আগেও দেশের কোন কোন স্কুলকে বিশেষ সরকারী আদেশ বলে ক্যাডেট কলেজে রূপান্তরিত করা হইয়াছে। এইসব রূপান্তরিত ক্যাডেট কলেজসমূহে রূপান্তর-পূর্বের পড়ুয়া ছাত্রদেরকে ক্যাডেট হিসাবেই রাখিয়া দেওয়া হইয়াছে। দৃষ্টান্ত হিসাবে বরিশাল, সিলেট, রংপুর ও পাবনার রূপান্তরিত ক্যাডেট কলেজসমূহের নাম করা যাইতে পারে। আমাদের প্রশ্ন, কুমিল্লা ক্যাডেট কলেজের বেলায় রূপান্তর-পূর্বের ছাত্রদেরকে বাহিরের আর সব ছাত্রের সঙ্গে ভর্তি-পরীক্ষায় অবতীর্ণ হইতে কেন বলা হইতেছে? রূপান্তর-পূর্বের ছাত্রদের এমনিতেই একটি অধিকার জন্মিয়াছে নিজেদের স্কুলে থাকার। তার উপর, এই ছাত্ররাও প্রতিযোগিতামূলক ভর্তি-পরীক্ষায় পাস করিয়াই রেসিডেন্সিয়াল মডেল স্কুলে নিজেদের স্থান করিয়া নিয়াছিল। তবে আবার কেন ভর্তি পরীক্ষা? অন্যান্য রূপান্তরিত ক্যাডেট কলেজে রূপান্তর-পূর্বের ছাত্রদের সরাসরি ক্যাডেট হিসাবে নিতে বাধে নাই বা কোন অসুবিধা হয় নাই, কুমিল্লা ক্যাডেট কলেজের রূপান্তর-পূর্বের ছাত্রদের বেলায় কেন এক যাত্রায় পৃথক ফল? আমরা মনে করি রূপান্তর-পূর্বের ছাত্রদেরকে সরাসরি নাকচ করিয়া দেওয়া মোটেও সমীচীন হইবে না। ক্যাডেট হিসাবে রূপান্তর-পূর্বের ছাত্রদের গ্রহণ করার বেলায় কর্তৃপক্ষ অবশ্যই, স্বাস্থ্য ও মেধার একটি ন্যূনতম যোগ্যতা যাচাই করিয়া নিতে পারেন, তবে তাহাও কঠোর হওয়া বাঞ্ছনীয় নয়। দেশের সচেতন অভিভাবক ও শিক্ষানুরাগী মহল রূপান্তরিত ক্যাডেট কলেজের বেলায় অতীতের ন্যায় একই সামঞ্জস্যপূর্ণ নীতির বাস্তবায়ন দেখিতে চাহেন, ছাত্র ও অভিভাবকমহলে গভীর হতাশা ও ক্ষোভ সঞ্চার করে এমন সিদ্ধান্তের প্রতিফলন নহে।